

সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক গত ১১ মার্চ, ২০২০ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের
বাস্তবায়ন অগ্রগতি

নং	সভার সিদ্ধান্ত	শিল্প মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রম
০১	জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ বিষয়ে The Hong Kong International Convention for the Safe Environmentally Sound Recycling of Ships' 2009' এর শর্ত প্রতিপালনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	<p>The Hong Kong International Convention for the Safe Environmentally Sound Recycling of Ships' (HKC) 2009' এর মূল বিষয় জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্পের মাধ্যমে সৃষ্ট পরিবেশ দূষণ রোধ করা এবং এ শিল্পে নিয়োজিত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা। HKC এর শর্ত প্রতিপালন ও বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করেছে এবং কিছু কার্যক্রম বাস্তবায়নধীন রয়েছেঃ</p> <p>(১) এ শিল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে মহামান্য হাইকোর্টের নির্দেশনার পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১২ ডিসেম্বর ২০১১ তারিখ The Ship Breaking & Recycling Rules-2011 জারী করা হয়েছে।</p> <p>(২) পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে এবং এ শিল্পের সার্বিক উন্নয়নের জন্য চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলায় উত্তর ছলিমপুর, ভাটিয়ারী, জাহানাবাদ, শীতলপুর, দক্ষিণ সোনাইছড়ি, মধ্য সোনাইছড়ি ও উত্তর সোনাইছড়িসহ মোট ০৭ টি মৌজাকে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০১২ সালে 'জাহাজভাঙ্গা শিল্প জোন' ঘোষণা করা হয়েছে।</p> <p>(৩) জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ কাজে ইয়ার্ডে কারিগরী সহায়তা প্রদানের জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত ০৩ টি প্রতিষ্ঠান 'সেইফটি এজেন্সি' হিসেবে কাজ করছে।</p> <p>(৪) শিল্প মন্ত্রণালয়ের অনুমতিক্রমে ০৩ (তিন) টি বেসরকারি প্রতিষ্ঠান জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্পে কর্মরত শ্রমিক কর্মচারীদের বিভিন্ন ট্রেডে কারিগরী প্রশিক্ষণ প্রদান করছে।</p> <p>(৫) এ শিল্পের সার্বিক উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক 'বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৮' প্রণয়ন করা হয়েছে। আইনের ধারা -৭ (২) এ উল্লেখ করা হয়েছেঃ</p> <p>The Hong Kong International Convention for the Safe and Environmentally Sound Recycling of Ships, 2009 এর শর্ত প্রতিপালনের নিমিত্ত, এই আইন কার্যকর হইবার অনধিক ৫ (পাঁচ) বৎসরের মধ্যে প্রয়োজনীয় সক্ষমতা অর্জনের লক্ষ্যে সরকার কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবে'।</p> <p style="text-align: right;">অঃপঃদঃ</p>

আইনের উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করেছেঃ

(ক) The Ship Breaking & Recycling Rules-2011 ও HKC এর এর শর্ত অনুযায়ী জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডে Ship Recycling Facility Plan (SRFP) বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। এলক্ষ্যে ইয়ার্ড মালিক হতে দাখিলকৃত ৮৫ টি এসআরএফপি বুয়েটের প্রতিনিধি সমন্বয়ে গঠিত কারিগরী কমিটি কর্তৃক যাচাই করে ইয়ার্ডে বাস্তবায়নের জন্য প্রাথমিক অনুমোদন প্রদান করা হয়েছে।

(খ) বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৮ এর বিধানের আলোকে ও HKC- 2009 এর শর্ত মোতাবেক এ শিল্পের জন্য একটি Treatment Storage and Disposal Facility Plant (TSDF) নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(গ) ইতোমধ্যে TSDF নির্মাণের জন্য GOB অর্থায়নে শিল্প মন্ত্রণালয় কর্তৃক Feasibility Study for the Establishment of Treatment Storage & Disposal Facility (TSDF) for Ship Recycling Industry & others in Chattogram” নামক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় একটি Consulting Firm ও একজন Technical Adviser (Independent National Consultant) নিয়োগ প্রদান করা হয়েছে।

(ঘ) পাশাপাশি TSDF নির্মাণে অর্থায়নের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত আছে। Feasibility Study এর প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে TSDF নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে।

(ঙ) এ শিল্পের সার্বিক উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় International Maritime Organization (IMO)’র সহায়তায় Safe and Environmentally Sound Ship Recycling in Bangladesh (SENSREC Phase-1)’ নামক প্রকল্প ২০১৫-২০১৭ মেয়াদে বাস্তবায়ন করেছে। এ প্রকল্পের আওতায় বাংলাদেশের জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্পের অর্থনৈতিক গুরুত্ব (Enonomic Impacts) এবং পরিবেশের উপর এর প্রভাব (Environmental Impacts) নিরূপনে দুটি সমীক্ষা পরিচালনা করা হয়। পাশাপাশি, জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প

অঃপূঃ দঃ



	<p>এবং চট্টগ্রাম অঞ্চলের অন্যান্য গুরুত্বপূর্ণ শিল্প থেকে উৎপাদিত বিপদজনক বর্জ্যের তালিকা (inventory) এবং ঐসব বর্জ্য ব্যবস্থাপনার একটি প্রাথমিক পরিকল্পনা (Plan for establishment of a Treatment Storage and Disposal Facility-TSDF) প্রস্তুত করা হয়েছে।</p> <p>অধিকন্তু প্রকল্পের ফেইজ-১ এর ধারাবাহিকতায় SENSREC Phase-II প্রকল্প এপ্রিল/২০১৮-অক্টোবর/২০২০ মেয়াদে বাস্তবায়ন করা হয়েছে। ফেইজ-২ এর আওতায় এ শিল্পে কর্মরত শ্রমিকদের দক্ষতা উন্নয়নের জন্য প্রায় ৭০০ শ্রমিককে হাত-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া TOT কোর্সের মাধ্যমে ২০০ জন প্রশিক্ষিত ট্রেনার তৈরি করা হয়েছে। তাছাড়া এ ফেইজের আওতায় হংকং শীপ রিসাইক্লিং কনভেনশন বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারের করণীয় বিষয়ে একটি রোড-ম্যাপ প্রস্তুত করা হয়েছে। ফেইজ-i ও ii এর ধারাবাহিকতায় ফেইজ-iii প্রকল্প গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।</p> <p>শিল্প মন্ত্রণালয় বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন ২০১৮ এর শর্ত মোতাবেক ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে Hong Kong Convention এর আলোকে প্রয়োজনীয় সক্ষমতা অর্জন এবং কনভেনশনটি অনুস্বাক্ষরের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করছে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছে।</p>
--	--

d.